

## প্ৰেস বিজ্ঞপ্তি

বিষয়: হংকং কনস্যুলেট কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির  
সুবর্ণজয়ন্তী উদযাপন

হংকং, ২৯ মে ২০২৩

আজ ২৯ মে ২০২৩ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক কনস্যুলেট প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির সুবর্ণজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে কনস্যুলেটের সকল কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু করা হয়। এরপর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহামন্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। পরবর্তীতে 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির উপর একটি ভিডিওচিত্র প্রদর্শন করা হয়।

মান্যবর কনসাল জেনারেল দিবসটির তাৎপর্য ও গুরুত্ব সম্পর্কে প্রদত্ত বক্তব্যে বলেন, 'জুলিও কুরি' শান্তি পদক বঙ্গবন্ধুর দর্শন, চিন্তা ও বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অসামান্য অবদানের আন্তর্জাতিক স্বীকৃতি, যা আমাদের জন্য অত্যন্ত সম্মান ও গর্বের। মহান স্বাধীনতা অর্জনের মধ্য দিয়ে বঙ্গবন্ধু বাংলার মানুষের জন্য শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করেছেন। তিনি আরো বলেন, 'সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়' বঙ্গবন্ধুর এই নীতিবাক্যের উপর প্রতিষ্ঠিত হয়েছে আমাদের পররাষ্ট্রনীতি। এই নীতির আলোকে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশে ও বিদেশে শান্তি প্রতিষ্ঠায় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

\*\*\*\*\*

